দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 12 AUG 2016 ...
পৃষ্ঠা ...6... কলাম ...2...

# সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন চাই

সাম্প্রতিককালে ছাত্র রাজনীতির নামে সন্ত্রাসী কার্যক্রমে বিপর্যস্ত হতে চলেছে দেশের শিক্ষাঙ্গনগুলো। স্থানীয় প্রভাবশালী মহল সাধ্যমতো ফায়দা লুটতে সর্বদাই সক্রিয় থাকে। এরা পেশিশক্তি হিসাবে ব্যবহার করে স্থানীয় যুবসমাজকে। আর যুবসমাজের সিংহভাগই ছাত্র। প্রকারান্তরে এ ছাত্র সমাজের একাংশ মনের অজান্তে জড়িয়ে যায় স্বার্থান্বেষীদের অপকর্মে। ছাত্রদের প্রতি সর্বমহলেরই আছে সহজাত দুর্বলতা। তাই আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা কিংবা স্থানীয় প্রশাসন ছাত্রদের বিরুদ্ধে সরাসরি ব্যবস্থা গ্রহণে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। মামলা দায়ের কিংবা গ্রেফতার করলে দাবানলের মতো ছড়িয়ে পড়তে পারে ছাত্রআন্দোলন। এভাবে অনিচ্ছাকৃত প্রশ্রয়ে শিক্ষাঙ্গনে স্থায়ীরূপ লাভ করে সন্ত্রাস। শিক্ষাঙ্গনের সন্ত্রাসের প্রতিকার করতে অভিজ্ঞমহল প্রশাসনযন্ত্রের দায়িত্ব-কর্তব্য বিষয়ে অধিক গুরুত্ব দিয়েছেন। তাঁদের মতে, শিক্ষাঙ্গনে সন্ত্রাসের উৎস যে ব্যবসায়িক স্বার্থ তার প্রতিকার নিশ্চিত করতে হবে যে কোনো মূল্যে। সুষ্ঠু রাজনীতির সঙ্গে সন্ত্রাসের সম্পর্ক নেই বলে ছাত্ররা সুষ্ঠু ও আদর্শিক রাজনীতি চর্চা করতে পারে। এ ক্ষেত্রে তাদের প্রধান লক্ষ্য থাকবে জ্ঞানচর্চা। স্বার্থান্বেষী মহলের অপতৎপরতা বন্ধ করতে পারলে শিক্ষাঙ্গনে সন্ত্রাসও বন্ধ হবে।

মো. আবুল কালাম,
নয়াবাজার কে সি স্কুল অ্যান্ড কলেজ,
মৌলভীবাজার